# সমবায় অধিদপ্তরের সদর কার্যালয়ে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি: ড. তরুণ কান্তি শিকদার
নিবন্ধক ও মহাপরিচালক
তারিখ: ০৬/০৬/২০২৩ খ্রি.
সময়: দুপুর: ২.০০টায়

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে নিবন্ধক ও মহাপরিচালক সভা (zoom) শুরু করেন। এ পর্যায়ে সভার সভাপতি যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকাকে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। দ্বি-মাসিক সমন্বয় সভায় নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী পর্যায়ক্রমে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০১. | ২৭/০৩/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়করণ | বিগত ২৭/০৩/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সমবায় অধিদপ্তরের স্মারক নং-৬৫(৫০) স/মৃ, তারিখ-১৮/০৪/২০২৩ খ্রি. মূলে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীর উপর কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি বিধায় উক্ত কার্যবিবরণীটি দৃঢ়করণ করা যেতে পারে। | বিগত ২৭/০৩/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধন/সংযোজন/বিয়োজন প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হল। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ০২. | বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা) এর কার্যক্রম সংক্রান্ত | বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন) এর মহাব্যবস্থাপক (কারিগরি ও অপারেশন) সভায় জানান বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন) এর মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাদের সংশ্লিষ্ট উপজেলা/জেলা/বিভাগ পর্যায়ে সমবায় বিভাগের সাথে যোগাযোগ রক্ষা করে কার্যক্রম পরিচালনা করার করা জন্য বিগত ২৯/০৫/২০২৩ তারিখে নির্দেশনা জারি করা হয়েছে। | (ক) প্রতি দ্বি-মাসিক সমন্বয় সভায় বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন) এর কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন) |
| | | এ পর্যায়ে মিল্ক ইউনিয়নের সামগ্রিক কার্যক্রমের সারসংক্ষেপ সভায় উপস্থাপন করেন। তিনি জানান দুধ সংগ্রহের পরিমাণ বর্তমানে খুবই ভাল মে/২৩ মাসে ৫১,২৭,০৫৪ লি: দুধ সংগ্রহ করা হয়েছে। তবে বর্তমানে বাজারে দুধের চাহিদা কম থাকায়, বিপণনের পরিমাণ কম। বর্তমানে দুইটি প্লান্টে পাউডার দুধ উৎপাদন হচ্ছে। উৎপাদিত গুঁড়ো দুধ সংগ্রহ করে রাখা হচ্ছে। এবারে রোজার মাসে বাজারের চাহিদা মোতাবেক দুধের যোগান দেয়া সম্ভব হয় নাই। আগামী রোজায় পর্যাপ্ত পরিমাণে দুধ বিপণন করা সম্ভব হবে। | (খ) দুধ সংগ্রহের পরিমাণ বৃদ্ধির ধারা অব্যাহত রাখতে হবে। বিশেষ করে বাঘাবাড়ীঘাট যেহেতু দুধ উৎপাদনের ক্ষেত্রে সারপ্লাস এরিয়া সেহেতু সেখানে দুধ সংগ্রহের পরিমাণ বৃদ্ধির বিষয়ে জোর দিতে হবে। | -ঐ- |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৩. | বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড এর কার্যক্রম সংক্রান্ত | মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড সভায় জানান, বিভাগীয় ও জেলা পর্যায়ের সমন্বয় সভায় সংশ্লিষ্ট বিভাগ/জেলার সমবায় ব্যাংকের প্রতিনিধি উপস্থিত থাকার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। বিভাগীয় সমবায় কার্যালয়সমূহে ও জেলা সমবায় কার্যালয়সমূহে অনুষ্ঠিতব্য সমন্বয় সভাগুলোতে উপস্থিতির জন্য সংশ্লিষ্ট বিভাগ/জেলার সমবায় ব্যাংকের প্রতিনিধিকে নোটিশ প্রদানের জন্য অনুরোধ করেন। | (ক) বিভাগীয় ও জেলা পর্যায়ের সমন্বয় সভায় সংশ্লিষ্ট বিভাগ/জেলার সমবায় ব্যাংকের প্রতিনিধি উপস্থিত থাকার জন্য নোটিশ প্রদান করতে হবে এবং মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | সমবায় অধিদপ্তরের সহিত MOU এর মাধ্যমে পল্লী প্রকল্প সমিতিতে প্রকল্প ঋণ প্রদান করা হয়। বর্তমানে ৯০টি সমিতিতে পল্লী প্রকল্প ঋণের ৪,৩০,৭৩,০০০/- টাকা ও মুনাফা ৪,৪৯,৮১,০০০/- টাকাসহ মোট ৮,৮০,৫৪,০০০/- টাকা পাওনা এবং সমবায় অধিদপ্তরের কর্মচারীদের মাঝে পার্সোনাল লোন প্রদান করা হয়েছে, যার মধ্যে ১ কোটি ১৫ লক্ষ টাকার মতো অনাদায়ী রয়েছে। অনাদায়ী টাকা আদায়ে সমবায় অধিদপ্তরের সহযোগিতা একান্ত প্রয়োজন। | (খ) সমবায় অধিদপ্তরের কর্মচারীদের মাঝে বিতরণকৃত পার্সোনাল লোনের খেলাপীদের নাম, প্রদত্ত ঋণের পরিমাণ ও ঋণ পাওনার পরিমাণ উল্লেখপূর্বক এ দপ্তরে তালিকা প্রেরণ করতে হবে। | মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), বিএসবিএল |
| | | | (গ) সমবায় অধিদপ্তরের কর্মচারীদের মাঝে বাংলাদেশ সমবায় ব্যাংক কর্তৃক বিতরণকৃত পার্সোনাল লোন খেলাপীদের ঋণ পরিশোধ বা নিয়মিতকরণের নির্দেশনা প্রদানপূর্বক মাঠ পর্যায়ে পত্র জারি করতে হবে। | যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |
| | | | (ঘ) পরবর্তী সমন্বয় সভায় বাংলাদেশ সমবায় ব্যাংক এর সামগ্রিক কার্যক্রম (ঋণ কার্যক্রম, আয় ব্যয়ের হিসাব, প্রকল্প সংক্রান্ত, সমস্যা ও প্রতিকারে করণীয়) উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), বিএসবিএল |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৪. | ঘূর্ণায়মান আর্বতক তহবিল সংক্রান্ত | উপনিবন্ধক (উৎপাদনমুখী শিল্প) জানান ঘূর্ণায়মান আর্বতক তহবিল সংক্রান্ত দ্বি-মাসিক ভিত্তিতে ব্যাংক স্টেটমেন্ট যাচাইপূর্বক প্রত্যয়ন পত্র এবং ব্যাংক স্টেটমেন্ট সকল বিভাগ হতে নির্ধারিত সময়ের মধ্যে পাওয়া যায়না। | (ক) প্রতি দুইমাস অন্তর ব্যাংক স্টেটমেন্ট যাচাইপূর্বক প্রত্যয়ন পত্র নির্ধারিত সময়ের মধ্যে উৎপাদনমুখী শিল্প শাখায় প্রেরণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | উপনিবন্ধক (উৎপাদনমুখী শিল্প) সভায় জানান "দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে গঙ্গাচড়া উপজেলায় ডেইরী সমবায় কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক সমাপ্ত প্রকল্পের ঘূর্ণায়মান আর্বতক তহবিলের ঋণ আদায়ের হার কম। এপ্রিল/২৩ মাসের রিটার্ণের ভিত্তিতে যে সকল উপজেলায় ঋণ আদায়ের হার সন্তোষজনক নয় তার একটি তালিকা সভায় উপস্থাপন করা হয়। আগামীতে আদায়ের হার বৃদ্ধির জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (খ) যে সকল বিভাগে ঘূর্ণায়মান আর্বতক তহবিলের ঋণ আদায় কম, সে সকল উপজেলায় আদায় বৃদ্ধির জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | বিভাগীয় যুগ্মনিবন্ধক (খুলনা) জানান বটিয়াঘাটা উপজেলার সমাপ্ত প্রকল্পের ফ্যাসিলিটেটরের অর্থ আত্মসাৎ এর বিষয়ে দুদকের তদন্ত চলমান রয়েছে। ইতোমধ্যে সমবায় বিভাগ কর্তৃক একটি তদন্ত করা হয়েছে। সেখানে প্রাথমিকভাবে সমবায় বিভাগের কয়েকজনের কাজের দুর্বলতা চিহ্নিত করা হয়েছে এবং তদন্ত প্রতিবেদনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করে সমবায় অধিদপ্তরের প্রেরণ করা হয়েছে। | (গ) বটিয়াঘাটা উপজেলার সমাপ্ত প্রকল্পের অর্থ আত্মসাৎ এর বিষয়ে প্রাপ্ত তদন্ত প্রতিবেদনের আলোকে দায়ীদের বিরুদ্ধে প্রয়োজনীয় বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, |
| ০৫. | আশ্রয়ণ প্রকল্পের ঋণ কার্যক্রম সংক্রান্ত; | আশ্রয়ণ প্রকল্প-২ এর আওতায় নতুন নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা, সমবায় সমিতির সদস্য সংখ্যার তথ্য এবং আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায় অগ্রগতি প্রতি মাসে এ দপ্তরের প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) আশ্রয়ণ প্রকল্প-২ এর আওতায় নতুন নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা এবং সমবায় সমিতির সদস্য সংখ্যার তথ্য প্রতি মাসে এ দপ্তরের এমআইএস শাখায় প্রেরণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | (খ) আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায় অগ্রগতি বিভাগ ভিত্তিক প্রতি দ্বি-মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | উপনিবন্ধক (এমআইএস) সমবায় অধিদপ্তর |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৬. | বাংলাদেশ সমবায় একাডেমি ও আঞ্চলিক সমবায় শিক্ষায়তনসমূহের প্রশিক্ষণ অগ্রগতি, নতুন প্রশিক্ষণ কারিকুলাম প্রণয়ন এবং বাংলাদেশ সমবায় একাডেমির ভৌত অবকাঠামো উন্নয়ন | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা সভায় জানান লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম শতভাগ সম্পন্ন করা সম্ভব হবে। | (ক) লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা |
| | | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা সভায় জানান সকল পর্যায়ের প্রশিক্ষণার্থীদের জাতীয় পরিচয় পত্র ব্যবহার করে ডাটাবেইস তৈরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে বাংলাদেশ সমবায় একাডেমি এবং এর আওতাধীন আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, নরসিংদী, ফরিদপুর এবং কুষ্টিয়াতে শ্রীঘ্রই পাইলটিং করা হবে এবং পরবর্তীতে পর্যায়ক্রমে সকল ইন্সটিটিউটে তা বাস্তবায়ন করা হবে। | (খ) বাংলাদেশ সমবায় একাডেমি এবং এর আওতাধীন আঞ্চলিক সমবায় ইন্সটিটিউটসমূহ সকল পর্যায়ের প্রশিক্ষণার্থীদের জাতীয় পরিচয় পত্র ব্যবহার করে ডাটাবেইস তৈরীর লক্ষ্যে দ্রুত সময়ের মধ্যে পাইলটিং শুরু করতে হবে। | -ঐ- |
| | | বাংলাদেশ সমবায় একাডেমি এবং এর আওতাধীন আঞ্চলিক সমবায় ইন্সটিটিউটসমূহে ২০২২-২০২৩ অর্থবছরে বরাদ্দকৃত সমবায় উন্নয়ন তহবিলের অব্যবহৃত টাকা আগামী ৩০ জুন ২০২৩ খ্রি. মধ্যে এ দপ্তরে ফেরত প্রদান করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | (গ) ২০২২-২০২৩ অর্থ বছরে বরাদ্দকৃত সমবায় উন্নয়ন তহবিলের অব্যবহৃত টাকা আগামী ৩০ জুন ২০২৩ খ্রি. মধ্যে এ দপ্তরে ফেরত প্রদান করতে হবে মর্মে পত্র প্রেরণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (ইপিপি) সমবায় অধিদপ্তর |
| | | বিভাগীয় যুগ্মনিবন্ধক, বরিশাল একাডেমি ও ইন্সটিটিউটসমূহে প্রফেশনাল কোর্স চালু করার বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা সভায় জানান বাংলাদেশ সমবায় একাডেমিতে এনএসডিএ এর আওতায় দুই মাস ব্যাপী ৩ টি কোর্স পরিচালনা করা হবে তার পাশাপাশি প্রফেশনাল কোর্স পরিচালনা করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | (ঘ) প্রফেশনাল কোর্স বিষয়ে পূর্ণাঙ্গ প্রস্তাব/কনসেপ্ট পেপার তৈরী করে অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা বরাবর প্রেরণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক, বরিশাল |
| | | | (ঙ) প্রাপ্ত পূর্ণাঙ্গ প্রস্তাব/কনসেপ্ট পেপার কম্পাইল করে এ দপ্তরের ইপিপি শাখায় প্রেরণ করতে হবে। | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০৭. | অডিট অগ্রগতি ও অডিট ফি (কেন্দ্রীয় ও প্রাথমিক সমিতির ধার্য ও আদায় সংক্রান্ত পৃথক তথ্যসহ) আদায়ের অগ্রগতি | অডিট ফি সঠিক ভাবে ধার্য ও আদায় করতে হবে। বিভাগীয় যুগ্মনিবন্ধকগণ কর্তৃক সংশ্লিষ্ট জেলা সমবায় কার্যালয়, পরিদর্শন করে অডিট নোট পর্যালোচনাপূর্বক ধার্যকৃত অডিট ফি এর সঠিকতা যাচাই নিশ্চিত করতে হবে।<br><br>অতিরিক্ত নিবন্ধক (অডিট ও আইন) সভায় জানান সমবায় অধিদপ্তর কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরে বরাদ্দকৃত জাতীয় সমবায় সমিতি, দেশব্যপী কর্মএলাকা বিশিষ্ট কেন্দ্রীয় সমবায় সমিতি ও দেশব্যপী কর্মএলাকা বিশিষ্ট প্রাথমিক সমিতির সকল অডিট নোট এখনো পাওয়া যায়নি। এ বিষয়ে উপনিবন্ধক (আইন) জনান সকল অডিট অফিসারকে ইতোমধ্যে তাগিদপত্র দেয়া হয়েছে এবং সকল কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা হয়েছে। এ মাসের মধ্যে সকল অডিট নোট পাওয়া যাবে মর্মে সভাকে অবহিত করেন। | (ক) অডিট নোট পর্যালোচনাপূর্বক অডিট ফি এর সঠিকতা যাচাইয়ের বিষয়টি মনিটরিং করতে হবে।<br><br>(খ) বিভাগীয় যুগ্মনিবন্ধকগণকে সংশ্লিষ্ট জেলা সমবায় কার্যালয়, পরিদর্শন করে অডিট নোট পর্যালোচনাপূর্বক অডিট ফি এর সঠিকতা যাচাই করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ অডিট সম্পাদন ও অডিট ফি আদায় ১০০% নিশ্চিত করতে হবে। | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন)<br><br>যুগ্মনিবন্ধক (অডিট ও আইন)/ বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ০৮. | সমবায় উন্নয়ন তহবিল আদায় অগ্রগতি | ২০২১-২০২২ সনের অডিট নোটের ভিত্তিতে সঠিকভাবে সমবায় উন্নয়ন তহবিল ধার্য, সমবায় উন্নয়ন তহবিল ধার্যকৃত সমিতির সংখ্যা সঠিক ভাবে নির্ধারণ এবং সমবায় উন্নয়ন তহবিল আদায় ১০০% নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিভাগীয় যুগ্মনিবন্ধকগণ সংশ্লিষ্ট জেলা সমবায় কার্যালয়, পরিদর্শন করে অডিট নোট পর্যালোচনাপূর্বক সমবায় উন্নয়ন তহবিলের সঠিকতা যাচাই এবং এ দপ্তরের ইপিপি শাখা কর্তৃক বিষয়টি পর্যবেক্ষণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) ২০২১-২০২২ সনের অডিট নোটের ভিত্তিতে সঠিকভাবে সমবায় উন্নয়ন তহবিল ধার্য, ধার্যকৃত সমবায় সমিতির সংখ্যা নির্ধারণ ও সমবায় উন্নয়ন তহবিল সঠিকভাবে নির্ধারিত সময়ের মধ্যে ১০০% আদায় নিশ্চিত করতে হবে।<br><br>(খ) অডিট নোট পর্যালোচনাপূর্বক সমবায় উন্নয়ন তহবিলের সঠিকতা যাচাইয়ের বিষয়টি মনিটরিং করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br><br>যুগ্মনিবন্ধক(ইপিপি) /বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ০৯. | বিভিন্ন আদালতে বিচারাধীন মামলা নিষ্পত্তি অগ্রগতি পর্যালোচনা | বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাগুলোর নিষ্পত্তির অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা করা হয়। আলোচ্য ২ মাসে উচ্চ আদালতে ০৯টি মামলা এবং নিম্ন আদালতে ০১টি মামলা নিষ্পত্তি হয়েছে মর্মে উপনিবন্ধক (আইন) সভাকে অবহিত করেন। অবশিষ্ট পেন্ডিং মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | (ক) অবশিষ্ট পেন্ডিং মামলাগুলো দ্রুত নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। বিশেষ করে যে সকল মামলার ক্ষেত্রে সরকারের সংশ্লিষ্টতা রয়েছে, সেগুলো বিশেষভাবে গুরুত্ব দিতে হবে। | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) / বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)/ উপনিবন্ধক (প্রশাসন) সমবায় অধিদপ্তর |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১০. | তথ্য অধিকার আইন ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটালগ তৈরী/হালনাগাদ | এ দপ্তরের প্রধান কার্যালয়ের তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স নির্দেশনা মোতাবেক বিগত ০৫/০১/২০২৩ খ্রি. তারিখে স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৬.০৫.০০১.২২.৭ মূলে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হয়েছে। | (ক) তথ্য অধিকার আইন ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্য বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে হালনাগাদ রাখতে হবে। | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা/ বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)/ ফোকালপয়েন্ট কর্মকর্তা ও তথ্য প্রদানকারী দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, সমবায় অধিদপ্তর |
| ১১. | এপিএ/জিআরএস/এনআইএস/ সিটিজেন চার্টার সংক্রান্ত বিষয়াদি | এপিএ / জিআরএস / আরটিআই / এনআইএস সংক্রান্ত বিষয়গুলো লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন এবং সিটিজেন চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে বিভাগীয় পর্যায়, জেলা পর্যায় এবং উপজেলা পর্যায়ে হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) এপিএ/জিআরএস/আরটিআই/এনআইএস সংক্রান্ত বিষয়গুলো নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)/ উপনিবন্ধক (প্রশাসন), সমবায় অধিদপ্তর |
| ১২. | স্থানীয় রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত সমবায় অধিদপ্তরের (প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়) অডিট আপত্তি নিষ্পত্তির অগ্রগতি | স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরের স্মরক নং- ৮২.২১.০০০০.০০৯.১৪.০০৩.১৯.১৪৭, তারিখ-০৭/০৫/২০২৩ খ্রি. মূলে মে/২০২৩ মাসের ১৫, ১৮ ও ২১ তারিখে সমবায় অধিদপ্তরের (মাঠ পর্যায়সহ) ১২৫টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্বিপক্ষীয় সভা অনুষ্ঠানের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত AMMS 2.0 সফটওয়্যারটি চালু করে ইতোমধ্যে অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রম শুরু করা হয়েছে। অডিটর জেনারেল অফিস কর্তৃক পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট অধিদপ্তরের স্মারক নং- ৭৭/পাঃপঃস্থাঃঅঃঅঃ/প্রশা-১/১৪৬, তা: ১৭/০৬/২০২০খ্রি. মূলে জারিকৃত পত্রে ২০১০ সাল পর্যন্ত উত্থাপিত সকল সাধারণ আপত্তি নিষ্পত্তি হিসাবে গন্য বলে উল্লেখ করা হয়। কিন্তু, AMMS 2.0 সফটওয়্যারটিতে ২০১০ ও তৎপূর্বের ৩৮৮টি অডিট আপত্তি আপলোড করায় অডিট আপত্তি নিষ্পত্তিকরণে জটিলতার সৃষ্টি হয়েছে। এ বিষয়ে এ দপ্তরের স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৫.০১.০০২.২২.১২ (অআনি), তারিখ- ২৪/০৪/২৩ | (ক) সমবায় অধিদপ্তরের সদর কার্যালয়ের এবং মাঠ পর্যায়ের বিভিন্ন দপ্তরসমূহের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে দ্বি-পক্ষীয় বা ত্রিপক্ষীয় সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)/ উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | মূলে অডিট অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। বিষয়টি উক্ত দপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে। | | |
| ১৩. | ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি সংক্রান্ত | ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির মনিটরিং বিষয়ে এবং ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি চিহ্নিত করার কার্যক্রম চলমান রাখতে হবে। চিহ্নিত ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির ঝুঁকি হ্রাসের উদ্যোগ গ্রহণ করতে হবে এবং প্রতি মাসে ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির তালিকা এ দপ্তরের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি সম্পর্কিত তথ্য বিভাগ ভিত্তিক প্রতি দ্বি-মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(খ) মাঠ পর্যায়ে ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি নিয়মিত মিনিটরিং করতে হবে। | যুগ্মনিবন্ধক (মা. ক্রে. গৃহ. মওবি) সমবায় অধিদপ্তর<br><br>বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ১৪. | অনিষ্পন্ন বিষয়াদি | সমবায় অধিদপ্তরের বিগত ২৯/০৮/২০০৭ খ্রি. তারিখে স্মারক নং ২৩/৯৫জি-১২০১/১(৬৩)এ/ও মূলে জারিকৃত কর্মবন্টনের বিষয়গুলো হালনাগাদ ও সুনির্দিষ্টকরণের লক্ষ্যে বিগত ২৩/১১/২০২২ খ্রি. তারিখে আদেশ নং- ৯৭৩(৮)-এ/ও; মূলে গঠিত কমিটি কর্তৃক সমবায় অধিদপ্তরের কর্মবন্টন দ্রুত সময়ের মধ্যে হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) বিদ্যমান কর্মবন্টন হালনাগাদ করার জন্য সুনির্দিষ্টভাবে প্রস্তাব উল্লেখপূর্বক আগামী ১ (এক) মাসের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে হবে। | সভাপতি/সদস্য সচিব, (এ সংক্রান্ত গঠিত কমিটি) |
| ১৫. | বিবিধ | সমবায় অধিদপ্তরের শাখাগুলোকে পুনর্বিন্যাসকরণের লক্ষ্যে জনাব মোঃ আহসান কবীর, অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) কে সভাপতি এবং জনাব কাজী মেসবাহ উদ্দিন আহমেদ, যুগ্ম-নিবন্ধক (গবেষণা ও এমআইএস) কে সদস্য সচিব করে ৫ সদস্য বিশিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে ইতিপূর্বে গঠিত কমিটির সদস্যগণের বদলিজনিত কারণে উক্ত কমিটি পুনর্গঠন করার বিষয়ে এবং নতুন কমিটি কর্তৃক সমবায় অধিদপ্তরের শাখাগুলোকে পুনর্বিন্যাসকরণ; নতুন শাখা সৃজনের সুপারিশ ও শাখার কর্মবন্টন প্রস্তুতকরণ; নিবন্ধক ও মহাপরিচালকের নিকট প্রশাসনিক সংস্কার বিষয়ক সুনির্দিষ্ট প্রস্তাব দাখিলের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) সমবায় অধিদপ্তরের শাখাগুলোকে পুনর্বিন্যাসকরণের লক্ষ্যে ইতিপূর্বে গঠিত কমিটি সভা অনুষ্ঠানের ১৫ দিনের মধ্যে পুনর্গঠন করতে হবে।<br><br>(খ) সমবায় অধিদপ্তরের শাখাগুলোকে পুনর্বিন্যাসকরণের লক্ষ্যে গঠিত নতুন কমিটি কর্তৃক সমবায় অধিদপ্তরের শাখাগুলোকে পুনর্বিন্যাসকরণ; নতুন শাখা সৃজনের সুপারিশ ও শাখার কর্মবন্টন প্রস্তুতকরণ; নিবন্ধক | যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স)<br><br>সভাপতি/সদস্য সচিব, (এ সংক্রান্ত গঠিত কমিটি) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | | ও মহাপরিচালকের নিকট প্রশাসনিক সংস্কার বিষয়ক সুনির্দিষ্ট প্রস্তাবনাসহ একটি প্রতিবেদন দ্রুত সময়ের মধ্যে দাখিল করতে হবে। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/৮/২০২৩

(ড. তরুণ কান্তি শিকদার)
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৬.০৬.০০৪.০০(৫ম খন্ড)- ৭০৭ (৬০) স/মূ; তারিখঃ ২২ /০৬/২০২৩ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত নিবন্ধক (সকল)........................................ সমবায় অধিদপ্তর, ঢাকা।
০২। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন)।
০৪। মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড।
০৫। যুগ্মনিবন্ধক (সকল)......................................................., সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৬। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৭। উপনিবন্ধক (সকল) ............................................. সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৮। উপনিবন্ধক(এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
০৯। সহকারী নিবন্ধক (সকল)........................................ সমবায় অধিদপ্তর, ঢাকা।
১০। নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, [নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।

22/06/2023

(তানিয়া আক্তার)
সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।